# উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-দ্বিতীয় পত্র : সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　পূর্ণমান — ৬০　　বিষয় কোড: ২ ৮ ৭

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ মাহবুব সাহেব একটি রেস্টুরেন্টের মালিক। তার রেস্টুরেন্টটি ঢাকার মতিঝিলে অবস্থিত। প্রতিদিন আশেপাশের অফিসের বহু সংখ্যক লোক তার রেস্টুরেন্টে খেতে আসে। দিন দিন তার রেস্টুরেন্টে ক্রেতার সংখ্যা বৃদ্ধি পাওয়ার কারণে মাহবুব সাহেব তার রেস্টুরেন্টের সকল খাবারের মূল্য স্বল্প পরিমাণে বৃদ্ধি করেন।

ক. মূল্য কী? ১
খ. মূল্য নির্ধারণ কেন গুরুত্বপূর্ণ? ২
গ. মাহবুব সাহেব কোন ধরনের পণ্য নিয়ে ব্যবসায় পরিচালনা করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মাহবুব সাহেবের ব্যবসায় পণ্যের মূল্য নির্ধারণে যে দিকটি ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো। ৪

২.▶ 'Polo Co. Ltd' একটি মৌসুমি পণ্যের ব্যবসায়িক প্রতিষ্ঠান। আমজাদ হোসেন এ প্রতিষ্ঠানের আইসক্রিম বিক্রয় ব্যবস্থাপক। ডিসেম্বর মাসে শীতকাল হওয়ায় এ প্রতিষ্ঠানের পণ্য বিক্রয়ের পরিমাণ কমে যায়। আমজাদ হোসেন এ অবস্থা থেকে পরিত্রাণ পাওয়ার উদ্দেশ্যে আসন্ন আন্তর্জাতিক বাণিজ্য মেলায় স্টল দেয়ার সিদ্ধান্ত নিলেন। মেলা শেষে দেখা গেল আমজাদ হোসেন প্রতিষ্ঠানের বিক্রয় টার্গেট পূরণে সক্ষম হয়েছেন।

ক. কোনটি স্বল্পমেয়াদি উদ্দীপনা? ১
খ. বিজ্ঞাপনের মাধ্যমগুলো কী কী? ২
গ. আমজাদ হোসেন কোন ধরনের বিক্রয় প্রসার কৌশল ব্যবহার করেছেন। তা বর্ণনা করো। ৩
ঘ. 'Polo Co. Ltd'-এর ব্যবসায়িক সফলতা লাভে বিক্রয় টার্গেট পূরণের প্রভাব বিশ্লেষণ করো। ৪

৩.▶ হাফিজুর আন্দুলিয়া গ্রাম থেকে পাকা পেঁপে সংগ্রহ করে তা থেকে জুস তৈরি করে এবং আকর্ষণীয় মোড়কে শহরে সরবরাহ করেন। মান উন্নত হওয়ায় দ্রুতই পেঁপের জুসের চাহিদা বেড়ে গেল। এতে করে হাফিজুরকে অধিক পেঁপে সরবরাহ করতে গ্রামের প্রায় প্রতিটি বাড়িতেই পেঁপের চাষ শুরু হলো।

ক. বর্তমান ক্রেতা কে? ১
খ. 'বিক্রয় ও বিপণন এক নয়'— ব্যাখ্যা করো। ২
গ. হাফিজুরের পেঁপের জুস সরবরাহকে কী বলা যায়? বর্ণনা করো। ৩
ঘ. হাফিজুরের কাজটি আন্দুলিয়ার মতো অসংখ্য গ্রামের উন্নয়নে কীভাবে ভূমিকা রাখতে পারে তা বিশ্লেষণ করো। ৪

৪.▶ জনাব জামিল ব্যক্তিগত কাজে আমেরিকায় গিয়েছিলেন। খাদ্যসামগ্রী কেনার জন্য তারা হোটেলের পাশেই একটি দোকানে গেলেন যেটির আয়তন প্রায় ৬,০০০ বর্গমিটার। বিশাল এ দোকানে তিনি খাদ্যসামগ্রী ছাড়াও নানান জাতের পণ্যের সমাহার দেখলেন। দেশে ফিরে মিরপুরে তিনিও একটি দোকান স্থাপন করেছেন যার আয়তন ৩,০০০ বর্গমিটার। এতে ক্রেতারা স্ব-সেবা প্রক্রিয়ায় তাদের উদ্দেশ্যে রক্ষিত পছন্দনীয় পণ্য বিক্রয়কর্মীর সাহায্য ব্যতীত ক্রয় করে। পরবর্তীতে ক্রেতারা ক্যাশ কাউন্টারে এসে মূল্য পরিশোধ করে থাকে।

ক. স্বয়ংক্রিয় ভেন্ডিং কাকে বলে? ১
খ. বহুশাখা বিপণির ব্যবসায়ের প্রকৃতি কীরূপ হয়? ২
গ. জনাব জামিলের আমেরিকার দেখা প্রতিষ্ঠানটি কোন ধরনের খুচরা ব্যবসায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব জামিলের প্রতিষ্ঠিত ব্যবসায়টি কোন ধরনের খুচরা ব্যবসায়ের সাথে সঙ্গতিপূর্ণ? বিশ্লেষণ করো। ৪

৫.▶ বিদেশ ফেরত সাব্বির চাঁদপুরে এসে তাদের উপজেলা শহরে একটি ফার্নিচারের দোকান দেয়। সে ঢাকার বিখ্যাত ফার্নিচার উৎপাদনকারী প্রতিষ্ঠান হতে অধিক মূল্যবান এবং আধুনিক আসবাবপত্র এনে এখানে বিক্রয় করে। বর্তমান সময়ে মূল্য অধিক থাকায় সপ্তাহে একটি বা দুটি ফার্নিচার সাব্বির বিক্রয় করতে পারে। ফলে তার ব্যবসায়টি ক্ষতির সম্মুখীন হচ্ছে।

ক. পুনঃবিক্রেতার বাজার কী? ১
খ. 'সামষ্টিক পরিবেশের উপাদানসমূহ অনিয়ন্ত্রণযোগ্য'— ব্যাখ্যা করো। ২
গ. সাব্বির তার ব্যবসায়ে সামষ্টিক পরিবেশের কোন উপাদানটি বিবেচনা করেনি? ব্যাখ্যা করো। ৩
ঘ. সাব্বিরের ব্যবসায়ে ক্ষতিপূরণে করণীয় বিশ্লেষণ করো। ৪

৬.▶ 'ঢাকা ফার্মাসিউটিক্যাল লিমিটেড' তাদের ঔষধ বিপণনের জন্য উত্তরা জোনে জনাব সাব্বির ও জনাব শায়েদকে নিয়োগ দেয়। তারা রুটিনমাফিক উত্তরা জোনের ডাক্তার ও ফার্মাসিস্টদের কাছে বিপণনকৃত ঔষধের গুণাগুণ উপস্থাপন করে। সম্প্রতি এর পাশাপাশি তারা ডাক্তারদের ঔষধের স্যাম্পল, কলম, প্যাড, ক্যালেন্ডার, দেয়াল ঘড়ি প্রভৃতি প্রদান করেন। এতে ঔষধের ব্যাপক প্রচার হয়।

ক. বিক্রয়কর্মীর গুণাবলী কী? ১
খ. "ব্যক্তিক বিক্রয় হলো দ্বিমুখী যোগাযোগ পদ্ধতি"— ব্যাখ্যা করো। ২
গ. জনাব সাব্বির ও জনাব শায়েদের কর্ম প্রচেষ্টাকে কীবলে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কী মনে করো সম্প্রতি গৃহীত কার্যক্রম প্রতিষ্ঠানের বিক্রয় বৃদ্ধিতে সহায়তা করে? প্রমোশনের ধরন উল্লেখপূর্বক যুক্তি দাও। ৪

৭.▶ খেলাফত একজন মহাজন। তিনি চাঁপাইনবাবগঞ্জের বিভিন্ন গ্রাম থেকে আম সংগ্রহ করে পিক-আপ ভাড়া করে ঢাকার আড়তদারদের নিকট সরবরাহ করেন। ঢাকার আড়ত থেকে আমগুলো ভোক্তার ঘরে ঘরে খুচরা ব্যবসায়ীদের মাধ্যমে পৌঁছে যায়।

ক. প্রমিতকরণের মাধ্যমে কোনটি নির্ধারণ করা হয়? ১
খ. পণ্যের বাজার বিস্তৃত না হলে কোনটি সম্ভব নয়? ব্যাখ্যা করো। ২
গ. খেলাফত ঢাকায় আম সরবরাহ করে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেন? বর্ণনা করো। ৩
ঘ. খেলাফতের আম সংগ্রহের কাজটি বিপণনের ক্ষেত্রে কতটা গুরুত্বপূর্ণ বলে তুমি মনে করো? ৪

৮.▶ আবেদ বিএফসি-এর ফ্রাইড চিকেন খুবই পছন্দ করেন। তিনি গুলশানের বিএফসি শাখা থেকে প্রতিদিন ফ্রাইড চিকেন ক্রয় করেন। ব্যবসায়ের কাজে যশোর গিয়ে সেখানকার বিএফসি থেকে তিনি ফ্রাইড চিকেন ক্রয় করেন। যশোরের এবং গুলশানের ফ্রাইড চিকেনের একই স্বাদ পেয়ে তিনি বাবুর্চিকে কারণ জিজ্ঞাসা করেন। প্রতিউত্তরে বাবুর্চি জানান শুধু যশোর নয়, বাংলাদেশের সকল শাখায় একই মান ও স্বাদ পাওয়া যাবে।

ক. ওয়েবকাস্টিং কী? ১
খ. পরিকল্পিত বিপণির সুবিধা কী? ব্যাখ্যা করো। ২
গ. বিএফসির বিপণনের ধরন কোনটি? বর্ণনা করো। ৩
ঘ. বিএফসি কীভাবে একই মান ও স্বাদ নিশ্চিত করে তা বিশ্লেষণ করো। ৪

৯.▶ সমতা লেদার লিমিটেড তাদের পণ্যের যে ডিজাইন করেছে প্রতিযোগী প্রিমিয়ার লেদারের পণ্যের ডিজাইন এর থেকে বেশি আকর্ষণীয়। ফলে নানান ধরনের পাইকাররা প্রিমিয়াম লেদারের পণ্যেই বেশি ক্রয় করছে। তবে সমতা লেদার লিমিটেডের মান অনেক উন্নত। তা বিবেচনা করে প্রতিষ্ঠানের বিপণন ব্যবস্থাপক অনলাইনে বিজ্ঞাপন ছাড়াও বিভিন্ন সংবাদপত্র ও টিভি মিডিয়ার সাথে চুক্তি করেছে।

ক. মজুদমাল কী? ১
খ. কার্যকর বাজার বিভক্তিকরণে কার্যোপযোগী কেন বিবেচ্য? ২
গ. বিপণনের কোন মিশ্রণের প্রভাবে প্রিমিয়াম লেদারের পণ্য বেশি বিক্রয় হচ্ছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সমতা লেদার লিমিটেডের বিপণন ব্যবস্থাপকের পদক্ষেপটি কী প্রতিযোগিতা মোকাবিলায় সহায়ক হবে? উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

